

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের কার্যালয়
কালুখালী, রাজবাড়ী।
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ ডলি পারভীন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কালুখালী, রাজবাড়ী।
সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১০/০৬/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায়।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব কে কালুখালী উপজেলায় কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার পক্ষে হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য সুইপারের স্বল্পতা রয়েছে এবং এম্বুলেন্সের না থাকায় জরুরি মুহূর্তে রোগীদের উন্নত সেবা দেয়া সম্ভব হয়ে উঠছে না।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে ডাক্তারদের উচিত কর্মস্থলে উপস্থিত থেকে দরিদ্র জনগণকে চিকিৎসা সেবা নিশ্চিত করা এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি ভিজিটেশন টিম দরকার এবং দুপুর ১.০০ ঘটিকার পূর্বে যেন কোন কমিউনিটি ক্লিনিক বন্ধ না হয় সে দিকে লক্ষ রাখার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান।

সময়মত ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো এবং প্রধান মন্ত্রীর আহবানে সাড়া দিয়ে কোরানা টিকা সকলকে সময়মত প্রদানের মাধ্যমে করোনা প্রতিরোধে সহায়তা করা

সিদ্ধান্ত : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ কর্মরত চিকিৎসকগণকে কর্মস্থলে উপস্থিত থেকে জনগণকে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করতে হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগ নিয়মিত চালু রেখে ডাক্তারের উপস্থিতিতে স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোছাঃ ডলি পারভীন
(মোছাঃ ডলি পারভীন)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কালুখালী।

স্মারক নং- স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা /কালু /২০২২- ১৭৪
অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কালুখালী রাজবাড়ী।
- ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কালুখালী উপজেলা কমান্ড, রাজবাড়ী।

ডাঃ ফারজানা ইসলাম
কোড নং ১১১৪৬৫
উপজেলা স্বাস্থ্য উপঃ পঃ কর্মকর্তা
কালুখালী, রাজবাড়ী।